গাংনী ও বারাদি বাজারে আরডিআরএস এর নতুন শাখার উদ্বোধন

মেহেরপুরের গাংনী ও বারাদি বাজারে আরডিআরএস এর দুইটি নতুন শাখার উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে ও দুপুরে ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় দেশের অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা আরডিআরএস বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে তাদের ২৯৯তম ও ৩০০তম শাখার যাত্রা শুরু করে।

নতুন শাখা উদ্বোধনের মাধ্যমে এলাকার দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর কাছে উন্নয়নমূলক সেবা আরও সহজলভ্য হবে বলে আশা প্রকাশ করেছেন সংস্থাটির কর্মকর্তারা।

উদ্বোধনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক খোরশেদ আলম সরকারের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা ও রাজশাহী বিভাগের বিভাগীয় ব্যবস্থাপক রেজাউল করিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল, সোনালী ব্যাংক গাংনী শাখার ব্যবস্থাপক বজলুর রহমান এবং আরডিআরএস-এর এরিয়া ম্যানেজার ফিরোজ আল মামুন। এছাড়া বক্তব্য দেন গাংনী শাখার ব্যবস্থাপক সাইফুল ইসলাম ও ক্ষুদ্রঋণ কর্মকর্তা তানিয়া খাতুন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শাখার অন্যান্য কর্মকর্তা, স্থানীয় পেশাজীবী ও কমিউনিটির প্রতিনিধিরা।

আরডিআরএস বাংলাদেশ দেশের প্রথম প্রজন্মের অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা। এটি ৫৩ বছরেরও অধিক সময় ধরে দেশের উত্তরাঞ্চলের আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

উদ্বোধনী অনুষ্ঠানে ৬ জন গ্রহীতার মাঝে ৫০ হাজার টাকা থেকে ১ লাখ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়।

প্রধান অতিথি রেজাউল করিম তাঁর বক্তব্যে বলেন, আমরা গাংনীতে একটি নতুন শাখা উদ্বোধন করেছি। আপনাদের সর্বোচ্চ সেবা দেওয়াই আমাদের

লক্ষ্য। ক্ষুদ্রঋণের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান থাকলেও আরডিআরএস সম্পূর্ণ ভিন্ন ও সুবিধাজনক। আমরা রাষ্ট্রায়ত্ত সোনালী ব্যাংকের মাধ্যমে সব লেনদেন পরিচালনা করি, তাই আপনাদের বিশ্বাস ও মর্যাদার সাথে লেনদেন করতে পারবে।

ঋণ গ্রহণকারীরা জানান, তাঁরা এ টাকা বিভিন্ন কর্মসংস্থান, গরু- ছাগল পালন ও ভ্যান ক্রয়ের কাজে ব্যবহার করবেন।

মেহেরপুরে আরডিআরএস এর ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আরডিআরএস বাংলাদেশ এর ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছে মেহেরপুর আরডিআরএস শাখা

বুধবার বিকেলে (৮ ফেব্রুয়ারি) মেহেরপুর কলেজ মোড়ে আরডিআরএস শাখায় কেক কেটে ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর আরডিআরএস এর এলাকা ব্যবস্থাপক বিকাশ চন্দ্র রায়, শাখা ব্যবস্থাপক শংকর কুমার সরকার, শাখা হিসাব রক্ষক রিনি সুলতানা, ক্ষুদ্র ঋণ সংগঠক লাভলী ইয়াসমিন, লীমা খাতুন ও শাওন ইসলাম প্রমুখ।

উল্লেখ্য, গত বছরের ৮ নভেম্বর ২০২২ সালে মেহেরপুর কলেজ মোড়ে আরডিআরএস ২৮৩ তম শাখার উদ্বোধন করা হয়।

মেহেরপুরে এনজিও সংস্থা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]